



লেবাননে ইসরাইলি হামলার জেরে যুক্তরাষ্ট্র-ইরান বৈঠক স্থগিত



ছবি: সংগৃহীত

লেবাননে ইসরায়েলের সাম্প্রতিক বিমান হামলার প্রতিবাদে যুক্তরাষ্ট্রের সঙ্গে নির্ধারিত বৈঠকে অংশ না নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে ইরান। ফলে সুইজারল্যান্ডের জেনেভায় অনুষ্ঠিত হওয়ার কথা থাকা দুই দেশের প্রতিনিধিদের বৈঠক আপাতত স্থগিত হয়ে গেছে।

শুক্রবার (১৯ জুন) লেবাননের সংবাদমাধ্যম আল-মায়াদিন এ তথ্য জানিয়েছে।

খবরে বলা হয়, সাম্প্রতিক সমঝোতার পর যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে যে ধারাবাহিক আলোচনা শুরুর পরিকল্পনা ছিল, তার প্রথম বৈঠক জেনেভায় হওয়ার কথা ছিল। তবে লেবাননের পরিস্থিতি নিয়ে অসন্তোষ প্রকাশ করে শেষ মুহূর্তে সফর বাতিল করে ইরানি প্রতিনিধি দল।

ইরানের পক্ষ থেকে সিদ্ধান্তটি সংশ্লিষ্ট মধ্যস্থতাকারী এবং মার্কিন কর্তৃপক্ষকে জানানো হয়েছে বলেও প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।

এদিকে বৈঠক স্থগিত হওয়ায় দুই দেশের মধ্যে শুরু হতে যাওয়া নতুন কূটনৈতিক প্রক্রিয়ার ভবিষ্যৎ নিয়ে আলোচনা শুরু হয়েছে। তবে এ বিষয়ে এখন পর্যন্ত হোয়াইট হাউস বা মার্কিন পররাষ্ট্র দপ্তরের কোনো আনুষ্ঠানিক বক্তব্য পাওয়া যায়নি।